**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার মাদক ব্যবসার বিরুদ্ধে 'জিরো-টলারেন্স' নীতি গ্রহণ করেছে।**

**(২) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, রাজ্য সরকার গত সাড়ে ৮ বছরে ২২ হাজার ৩৬৫ জনকে নিয়োগ করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১২ বছরে জনধন যোজনা জনগণের প্রভূত আর্থিক সমৃদ্ধি ঘটিয়েছে।**

**(৪) নেপালের ভয়াবহ বন্যায় ৪৭ টনেরও বেশি ত্রাণ পাঠাল ভারত।**

**(৫) আজ বিধানসভায় স্বর্ণপদকপ্রাপ্ত জুডোকা অস্মিতা দের প্রতি অভিনন্দন প্রস্তাব গৃহীত।**

*****************************

**Assembly-NDPS Case :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার মাদক ব্যবসার বিরুদ্ধে 'জিরো-টলারেন্স' নীতি গ্রহণ করেছে। আজ বিধানসভায় বিধায়ক গোপাল রায়ের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। তিনি বলেন, মাদক-সংক্রান্ত কর্মকাণ্ডে জড়িত থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। মাদক ব্যবসায়ীদের সনাক্তকরণের জন্য পুলিশের ক্রাইম ব্রাঞ্চে একটি মাদক বিরোধী ইউনিট গঠন করা হয়েছে। মাদক পাচার রোধে পুলিশ, বি.এস.এফ এবং একাধিক সংস্থা যৌথভাবে কাজ করছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, বর্তমানে এন ডি পি এস মামলায় আসামীদের সাজা প্রদানের হার ১৪ দশমিক ৭ শতাংশ।

***************************

**Assembly-College :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ জানিয়েছেন, রাজ্যে সরকারী ডিগ্রী কলেজগুলিতে বিষয়ভিত্তিক সহকারী অধ্যাপকের ২৪৩টি পদ বর্তমানে শূন্য রয়েছে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মণের এক প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান। তিনি জানান, কলেজে শিক্ষকের ঘাটতি পূরণের লক্ষ্যে উচ্চ শিক্ষাদপ্তর সর্বমোট ৭৩২ জন অতিথি শিক্ষক নিয়োগের অনুমতি প্রদান করেছে। বিধায়ক রঞ্জিত দাসের প্রশ্নের উত্তরে উচ্চশিক্ষামন্ত্রী জানান, বিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের আগ্রহ বাড়াতে উচ্চশিক্ষা দপ্তর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এরজন্য কলেজগুলিতে বায়োটেক ক্লাব স্থাপন করা হয়েছে।

******************************

**Assembly-Private Member Resolution :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, রাজ্য সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে গত সাড়ে ৮ বছরে বিভিন্ন দপ্তরে ২২ হাজার ৩৬৫ জনকে নিয়োগ করেছে। আজ বিধানসভায় বিধায়ক ইসলাম উদ্দিনের এক প্রশ্নের জবাবে তিনি এতথ্য জানান। তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতা বজায় রেখে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রেখেছে।

***************************

**SIR :**

পশ্চিম জেলার জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক ডা: বিশাল কুমার আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, সারা রাজ্যের সঙ্গে পশ্চিম জেলাতেও আগামী পাঁচই সেপ্টেম্বর থেকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন অর্থাৎ এস আই আর শুরু হবে। তা চলবে আগামী ১৪ই অক্টোবর পর্যন্ত। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে একুশে অক্টোবর। আগামী ২৩শে ডিসেম্বর চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশিত হবে।

ভোটার তালিকার S.I.R-এর প্রস্তুতি নিয়ে আজ খোয়াই এস.ডি.এম অফিসে অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তীর পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মহকুমার তিনটি বিধানসভা কেন্দ্রের সমস্ত বি.ডি.ও এবং ই.আর.ও-গণ উপস্থিত ছিলেন।

এসআইআর নিয়ে আজ তেলিয়ামুড়ায় চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে একটি ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত ১৮২ জন বি.এল.ও এবং ১৭৭ জন বি.এল.এ।

****************************

**CBC-ICOP :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ব্যুরো অব কমিউনিকেশন, আগরতলা ফিল্ড অফিসের উদ্যোগে আজ, বামুটিয়ার বেরিমুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে একটি সমন্বিত যোগাযোগ ও প্রচার কর্মসূচি অর্থাৎ আইকপ অনুষ্ঠিত হয়।

উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন দীপক কুমার সিং, বেড়িমুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা কমলা সুন্দরী দেববর্মা তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রাক্তন সহ অধিকর্তা দেবাশিস লোধ।

'নেশামুক্ত ভারত অভিযান' এবং 'ভারতীয় ন্যায় সংহিতা'—এই দুটি গুরুত্বপূর্ণ বিষয়কে কেন্দ্র করে আয়োজিত এই কর্মসূচিতে বিশদে বক্তব্য রাখেন শ্রী লোধ।

অনুষ্ঠানে নাটক ও নৃত্যের মাধ্যমে নেশামুক্ত সমাজ গঠনের বার্তা তুলে ধরা হয়। ছিল ক্যুইজ প্রতিযোগিতাও।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum -এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আজ রাত ১১টা ৪৫ পর্যন্ত।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১২ বছরে জনধন যোজনা নাগরিক জীবনে অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছে। বিশ্বের

বৃহত্তম আর্থিক অন্তর্ভুক্তি উদ্যোগ হিসেবে ২০১৪ সালের এই দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রকল্পটি চালু করেছিলেন।

প্রধানমন্ত্রী জনধন যোজনার অধীনে এখন পর্যন্ত ৫৯ কোটিরও বেশি অ্যাকাউন্ট খোলা হয়েছে, এরমধ্যে ৫৬ শতাংশ অ্যাকাউন্ট মহিলাদের। মোট আমানতের পরিমাণ ৩ লক্ষ ১৭ হাজার কোটি টাকা। এই প্রকল্পের অধীনে, ৭৮ শতাংশ অ্যাকাউন্ট গ্রামীণ বা আধা-শহুরে এলাকায় খোলা হয়েছে।

******************************

**Raksha Bandhan :**

আজ রাখিবন্ধন উৎসব। উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে উপরাষ্ট্রপতি রাখিবন্ধন উৎসবের মাধ্যমে ভালোবাসা, স্নেহ এবং পারস্পরিক বিশ্বাসের বন্ধন চিরকাল দৃঢ় ও অটুট রাখার প্রত্যাশা করেছেন।

সারা দেশের সঙ্গে রাজ্যেও রাখিবন্ধন উৎসব পালিত হচ্ছে। আগরতলায় আসাম রাইফেলস জওয়ানরা আজ পুলিশ, সাধারন নাগরিক ও স্কুল পড়ুয়াদের রাখী পরিয়ে এই উৎসব পালন করেন।

ঊনকোটি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে কৈলাশহর মহিলা থানায় রাখিবন্ধন উৎসব পালন করা হয়। উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

আজ শান্তিরবাজার থানায়ও রাখিবন্ধন উৎসব পালন করা হয়। উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য।

*****************************

**Nepal-Flash Floods :**

নেপাল-তিব্বতে ভয়াবহ আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪৬৯। দুই দেশের সীমান্ত এলাকায় এখনও ১ হাজার ৫৪৫ জন নিখোঁজ

রয়েছে। যার মধ্যে বিদেশ মন্ত্রকের তথ্য অনুযায়ী প্রায় ৩০০ জন ভারতীয় রয়েছে। নদীর তীর ও বিচ্ছিন্ন জনবসতিতে উদ্ধারকারী দল জীবিতদের সন্ধান এবং ভেসে যাওয়া মৃতদেহ উদ্ধারে অভিযান চালাচ্ছে।

এর মধ্যেই দক্ষিণ-পশ্চিম চিনের সিচুয়ান প্রদেশে ৫.১ মাত্রার ভূমিকম্প নতুন করে নেপালে বন্যার আশঙ্কা বাড়িয়েছে। ত্রিশূলী এলাকায় জলস্তর বৃদ্ধির আশঙ্কায় বাসিন্দাদের সরিয়ে নেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহের সঙ্গে কথা বলে ভারতের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন।

উদ্ভুত পরিস্থিতিতে ভারত উদ্ধার ও ত্রাণ সহায়তায় এগিয়ে এসেছে। ভারত এপর্যন্ত নেপালে ৪৭ টনেরও বেশি জরুরি ত্রাণ সামগ্রী পাঠিয়েছে। আরো প্রায় ১৩ টন সামগ্রী আজ রাতেই পৌঁছানোর কথা রয়েছে।

****************************

**AMARNATH YATRA :**

জম্মু ও কাশ্মীরে বার্ষিক অমরনাথ যাত্রা আজ শেষ হচ্ছে। তেসরা জুলাই শুরু হওয়া ৫৭ দিনের এই তীর্থযাত্রায় ৪ লক্ষ ৮০ হাজারেরও বেশি পুণ্যার্থী অংশ নিয়েছেন।

*******************************************

**PM–Uzbekistan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল উজবেকিস্তান সফরে যাচ্ছেন। দু'দিনের সফরে তিনি উজবেকিস্তানের রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্ব আরও শক্তিশালী করার বিষয়ে আলোচনা করবেন।

***************************

**Assembly :**

সদ্য সমাপ্ত কমনওয়েলথ গেমসে ত্রিপুরার মেয়ে অস্মিতা দে জুডোয় স্বর্ণপদক পাওয়ায় আজ বিধানসভায় তাঁকে অভিনন্দন জানানো হয়েছে। বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া অভিনন্দন বার্তাটি পড়ে শোনান এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অভিনন্দন বার্তায় বলা হয়েছে, অস্মিতার এই সাফল্য দেশের খেলাধুলার ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। তার এই অসাধারণ সাফল্যে আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে দেশের নাম উজ্জ্বল হয়েছে। অভিনন্দন বার্তায় অস্মিতার উজ্জ্বল ভবিষ্যৎ এবং সুস্বাস্থ্য কামনা করা হয়।

*************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র প্লেট ক্রিকেটে সেমিফাইনালের প্রথম ম্যাচে কমলপুর বিলোনিয়াকে ছয় উইকেটে হারিয়ে ফাইনালে উঠল। দ্বিতীয় সেমিফাইনালে ধর্মনগর ১৩০ রানে জিরানিয়াকে হারিয়ে ফাইনালে জায়গা করে নিল। আগামী ৩০শে আগস্ট টিআইটি মাঠে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায়  রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রী সেলসিয়াস।

**************************